

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/30/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো ক্যারোলিন পোকোর্নিকে সর্বসম্মতিক্রমে মেট্রোপলিটান ট্রান্সপোর্ট অথরিটির (METROPOLITAN TRANSPORTATION AUTHORITY, MTA) ইন্সপেক্টর জেনারেল বলে ঘোষণা করেছেন - তিনি ছিলেন মার্কিন যুক্তরাষ্ট্রের অ্যাটর্নি জেনারেল লরেটা লিঙ্কের ডেপুটি চিফ অফ স্টাফ এবং প্রাক্তন ফেডারেল প্রসিকিউটর ছিলেন

পোকোর্নির মার্কিন যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ (U.S. Justice Department) সহ সরকারের সর্বোচ্চ স্তরে কাজ করার কয়েক দশকের অভিজ্ঞতা আছে

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে রাজ্যের সেনেট সার্বজনীনভাবে নতুন MTA-র ইন্সপেক্টর জেনারেল হিসেবে ক্যারোলিন পোকোর্নিকে নিশ্চিত করেছেন। মিসেস পোকোর্নি একজন ক্যারিয়ার ফেডারেল প্রসিকিউটর যিনি মার্কিন বিচার বিভাগের সর্বোচ্চ পর্যায়ে কাজ করেছেন, যেখানে তিনি মার্কিন অ্যাটর্নি জেনারেল লরেটা লিঙ্কের ডেপুটি চিফ অফ স্টাফ হিসাবে কাজ করেছেন এবং মার্কিন যুক্তরাষ্ট্রের ব্রুকলিনের অ্যাটর্নি অফিসে কাজ করেছেন এবং উচ্চ প্রফাইলের সরকারী দুর্নীতির মামলা লড়েছেন সব ধরনের জালিয়াতি নির্মূল করতে।

"অবশেষে MTA-র ব্যবস্থাপনা এবং অর্থ সংস্থানের ব্যবস্থা হয়েছে যা তার কর্ম সম্পাদন করার জন্য প্রয়োজন, এবং এখন MTA-র ইন্সপেক্টর জেনারেলের কার্যালয় কার্যকরীভাবে এজেন্সিটিকে পরিচালনা করার জন্য কেন্দ্রস্থল হবে", **গভর্নর কুওমো বলেন।** "ক্যারোলিন একজন কৃতি এবং নিবেদিত ক্যারিয়ার প্রসিকিউটর এবং MTA-তে তার নেতৃত্ব গ্রাহকদের এবং সমস্ত নিউ ইয়র্কবাসীদের জন্য অসাধারণ ভালো কাজ করবে।"

ক্যারোলিন পোকোর্নি ব্রুকলিন মার্কিন যুক্তরাষ্ট্রের অ্যাটর্নি অফিসে ফেডারেল প্রসিকিউটর হিসাবে তার কর্মজীবন শুরু করেছিলেন, যেখানে তিনি অফিসের মাদকদ্রব্য ও মানি লন্ডারিং প্রোগ্রামকে (narcotics and money laundering program) নেতৃত্ব দিয়েছিলেন। সেখানে তিনি মেক্সিকোর সব চেয়ে শক্তিশালী কোকেন কার্টেল নেতাদের অভিযুক্ত করার জন্য জাতীয় কৌশল প্রস্তুত করেন, যার মধ্যে রয়েছে ড্রাগ লর্ড জোয়াকুইন "এল চ্যাপো" গুজম্যান, এবং এক আন্তর্জাতিক তদন্তের নেতৃত্ব দেন যার ফলে কলোমবিয়ার "নর্টে ভ্যাল" কার্টেলের 30 টিরও বেশি নেতাকে দোষী সাব্যস্ত করা হয়েছিল হত্যার অভিযোগ, একটি চলমান অপরাধমূলক উদ্যোগ পরিচালনা, মানি লন্ডারিং এবং মাদক পাচারের জন্য। সেই ক্ষেত্রে তার কাজের কারণে, তিনি অ্যাটর্নি জেনারেলস অ্যাওয়ার্ড ফর ডিস্টিংগুইশড সার্ভিসের (Attorney General's Award for Distinguished Service) এবং ফেডারেল ড্রাগ এজেন্টস ফাউন্ডেশন "টু আমেরিকান হিরো" পুরস্কার (Federal Drug Agents

Foundation "True American Hero" award) পান। মিস পোকোর্নি অবশেষে পাবলিক ইন্টিগ্রিটি জন্ম অফিসের সিনিয়র লিটেশন কাউন্সিল হয়ে ওঠেন।

2011 সালে, মিসেস পোকোর্নি মার্কিন যুক্তরাষ্ট্রের অ্যাটর্নি লোরেটা লিঙ্কের নির্বাহী দলে ডেপুটি চিফ অফ ক্রিমিনাল ডিভিশন হয়ে যোগদান করেন যেখানে তিনি সমস্ত ক্ষেত্রে 100 টির বেশি অপরাধমূলক AUSA-র তত্ত্বাবধান করেন, যার মধ্যে রয়েছে জালিয়াতি ও দুর্নীতি। 2015 সালে যখন রাষ্ট্রপতি ওবামা মার্কিন যুক্তরাষ্ট্রের বিচার বিভাগের অ্যাটর্নি জেনারেল হিসাবে লোরেটা লিঙ্কে নিয়োগ করেছিলেন, তখন মিস পোকোর্নি তার ডেপুটি চিফ অফ স্টাফ ও কাউন্সিলরের দায়িত্ব পালন করেছিলেন এবং বিভাগের 110,000 কর্মচারী ও বহু এজেন্সির ব্যবস্থাপনায় একজন গরিষ্ঠ উপদেষ্টা ছিলেন, যার মধ্যে ছিল ব্যুরো অফ অ্যালকোহল, টোব্যাকো, ফায়ারআর্মস অ্যান্ড এক্সপ্লোসিভস (Bureau of Alcohol, Tobacco, Firearms and Explosives, ATF) এবং ড্রাগ এনফোর্সমেন্ট অ্যাডমিনিস্ট্রেশন (Drug Enforcement Administration, DEA), থেকে শুরু করে ফেডারেল ব্যুরো অফ ইনভেস্টিগেশন (Federal Bureau of Investigation, FBI) এবং ব্যুরো অফ প্রিজন্স।

ক্যারোলিন পোকোর্নি সম্প্রতি স্পেশাল কাউন্সেল ফর পাব্লিক ইন্টিগ্রিটি হয়ে কাজ করেছেন এক্সিকিউটিভ চেম্বারে এবং চিফ স্পেশাল কাউন্সেল ফর এথিক্স, রিস্ক অ্যান্ড কমপ্লায়েন্স ফর নিউ ইয়র্ক স্টেট হিসেবে কাজ করেছেন।

MTA ইন্সপেক্টর জেনারেলের স্বাধীন অফিস নিউ ইয়র্ক সিটিতে একটি নিরাপদ, নির্ভরযোগ্য, পরিষ্কৃত ও সাশ্রয়ী পাবলিক পরিবহন ব্যবস্থা নিশ্চিত করার জন্য MTA-র কার্যক্রম পর্যবেক্ষণ করে। ইন্সপেক্টর জেনারেল MTA-র সিস্টেম এবং অপারেশনগুলিকে সর্বোত্তম কার্যকারিতা ও দক্ষতার সাথে কাজ করতে সহায়তা করতে অডিট করেন এবং MTA-র সাথে যারা কাজ করেন বা ব্যবসা করেন তাদের দ্বারা করা জালিয়াতি, অপব্যবহার এবং অন্যান্য অনিয়ম নির্মূল করার জন্য তদন্ত পরিচালনা করেন। তদন্ত, অডিট এবং অন্যান্য গবেষণায় মাধ্যমে, ইন্সপেক্টর জেনারেল MTA-র কর্মক্ষমতা উন্নত করতে এবং তার এজেন্সিগুলির পরিচালনার গুণমান, দক্ষতা, কার্যকারিতা এবং নিরাপত্তা উন্নত করতে সহায়তা করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)